

## রূপসদী বৃন্দবিধী উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি

বাঞ্ছারামপুর (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি ১  
ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুরের রূপসদী  
বৃন্দাবন উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি  
উদযাপিত হয়েছে গতকাল শনিবার। এ  
উপলক্ষে সকালে স্কুলের সামনে থেকে  
প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীরা একটি  
শোভাযাত্রা বের করে। শোভাযাত্রাটি  
আশপাশের এলাকা ঘুরে আবার একই  
স্থানে এসে শেষ হয়। পরে প্রফেসর ডা. এ  
কে এম আহসান আলীর সভাপতিত্বে স্কুল  
মাঠে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।  
এতে প্রধান অতিথি ছিলেন সড়ক পরিবহন  
ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি।  
বিশেষ অতিথি ছিলেন সাবেক প্রতিমন্ত্রী ও  
মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট  
সংসদীয় ছাত্রী কমিটির সভাপতি ক্যান্টেন  
(অব.) এ বি তাজুল ইসলাম এমপি।  
অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন  
সাবেক উপজেলা চেয়ারম্যান মো. সিরাজুল  
ইসলাম, উপজেলা চেয়ারম্যান মো. নুরুল  
ইসলাম, বসুন্ধরা গ্রুপের কোষাধ্যক্ষ (অর্থ  
ও হিসাব) ও কালের কণ্ঠের প্রকাশক  
ময়নাল হোসেন চৌধুরী, খেজর জেনারেল  
(অব.) ডা. এম এ বাকী, প্রফেসর ডা.  
খবির উদ্দিন আহমেদ, প্রফেসর ডা.  
হাকিমুর-রশীদ এবং আমাতগাহ গ্রুপের  
চেয়ারম্যান মো. হেলাল মিয়া। অনুষ্ঠানটি  
সঞ্চালনা করেন যুগ্ম সচিব সেলিম রেজা।  
সহযোগিতায় ছিলেন মো. আবুল বাণুর।  
প্রধান অতিথির বক্তব্যে সেতুমন্ত্রী ওবায়দুল  
কাদের বলেন, 'পদ্মা সেতুর কাজ সঠিক  
সময়েই শেষ হবে'। তিনি আরো বলেন,  
ঢাকার আড়াইহাজার ও বাঞ্ছারামপুরের  
মাঝে মেঘনা নদীতে ব্রিজ হবে। এ সময়  
মানসম্পন্ন শিক্ষার জন্য শিক্ষকদের  
পাঠদানের আগে প্রস্তুতি এবং শিক্ষার্থীদের  
জ্ঞানার্জনের জন্য অধিক মনোযোগী  
হওয়ার অনুরোধ জানান মন্ত্রী।  
সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি  
বলেন, পৌরসভা নির্বাচন হবে অবাধ, সুষ্ঠু  
ও নিরপেক্ষ।